# মনুসংহিতা

## ।। সপ্তমোঽধ্যায় ।।

মূল (বাংলা ও দেবনাগরী হরফে) অন্বয়, শব্দার্থ, বঙ্গানুবাদ প্রতিটি শব্দের প্রতিশব্দ, কুল্লুকভাষ্য ও তার বঙ্গানুবাদ, তত্ত্ববোধিনী ও ব্যাকরণগত আলোচনা সহ।.


সম্পাদনা ঃ

**অধ্যাপক ড. অন্নদাশঙ্কর পাহাড়ী**

এম.এ., পি.এইচ.ডি.

কাব্যতীর্থ, পুরাণরত্ন, সাহিত্যবিনোদ, আবৃত্তিপ্রজ্ঞাকর

রীডার, সংস্কৃত বিভাগ,

ভট্টর মহাবিদ্যালয়, দাঁতন; মেদিনীপুর।



SBD

সংস্কৃত বুক ডিপো

২৮/১, বিধান সরণী

কলকাতা - ৭০০ ০০৬

# মুখবন্ধ

পশ্চিমবঙ্গের প্রায় সমস্ত বিশ্ববিদ্যালয়ে স্নাতক ও স্নাতকোত্তর স্তরে মনুসংহিতা পাঠ্যবিষয়রূপে প্রচলিত। এর সপ্তম অধ্যায়টি বর্তমানের প্রাসঙ্গিকতার সূত্রে স্নাতক (সাধারণ ও সাম্মানিক) স্তরে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের পাঠক্রমের অন্তর্ভুক্ত। এর উপর ইংরেজী ভাষায় সুন্দর ও সারগর্ভ আলোচনামূলক বই থাকলেও বাংলা ভাষায় এবিষয়ে লেখা কোনো ভালো সংস্করণ চোখে পড়েনি। স্নাতক (সাধারণ) স্তরে বাংলায় আলোচনামূলক দুয়েকটি ভালো বই আছে; কিন্তু সাম্মানিক স্তরের উপযোগী বাংলায় লেখা বই নেই। আমি দু'দশকেরও বেশী সময় ধরে অধ্যাপনার অভিজ্ঞতায় এই অভাব লক্ষ্য করে বর্তমান গ্রন্থের সম্পাদনা করেছি। এখানে প্রতিটি শ্লোকের অন্বয়, সন্ধিহীন পাঠ-এর সংগে সংস্কৃত ও বাংলায় মূল শ্লোকের প্রতিটি শব্দের প্রতিশব্দ, কুল্লুকভাষ্য ও তার সম্পূর্ণ বঙ্গানুবাদ দিয়েছি। সেই সংগে মনুসংহিতার উপর প্রাপ্ত মেধাতিথি সহ অন্যান্য টীকাকারদের বক্তব্যও প্রাসঙ্গিক ক্ষেত্রে আলোচনা করেছি 'তত্ত্ববোধিনী' অংশে মূল শ্লোকের প্রতিটি পদের ব্যাকরণও যথাসম্ভব আলোচনা করেছি। সেই সংগে প্রশ্নোত্তর এবং সংস্কৃত ও বাংলায় ব্যাখ্যা নমুনারূপে দিয়েছি। আশা করি ছাত্রাছাত্রীরা এতে উপকৃত হবে। ভুল ত্রুটি, পরিমার্জনা প্রভৃতি বিষয়ে মাননীয় অধ্যাপক অধ্যাপিকাগণের সুচিন্তিত পরামর্শ-সম্পাদক বিনীতভাবে প্রার্থনা করে।

গ্রন্থ সম্পাদনার কাজে সহায়তা ইত্যাদির জন্য আমার সহৃদয় সহকর্মিবৃন্দ, স্বগৃহ দপ্তরের সম্পাদিকা ও আমার কন্যা ও পুত্র অহনা ও অগ্নিভকে অভিনন্দন জানাই।

অন্নদাশংকর পাহাড়ী